গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের জুলাই ২০১৭ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, ভারপ্রাপ্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ ঃ ০৬.০৮.২০১৭ খ্রিস্টাব্দ।
সময় ঃ বিকেল ৩.০০ ঘটিকা।
স্থান ঃ সচিব মহোদয়ের অফিস কক্ষে (কক্ষ নং-২০৪)

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য মন্ত্রণালয়ের উপ-সচিব ও ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম-কে আহবান জানান। উপ-সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ০২/০৭/২০১৭ ইং তারিখে একটি পত্র পাওয়া গেছে এবং উক্ত পত্রের মাধ্যমে অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমসমূহের ২০১৭-১৮ অর্থ বছরের জন্য নতুন করে উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ০১ জানুয়ারী ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার অগ্রগতির প্রতিবেদন ১০ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য বলা হয়েছে। অতঃপর সভাপতির নির্দেশক্রমে আলোচ্যসূচী সভায় উপস্থাপন করা হয় এবং সে অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা ১০ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য উল্লেখ করা হয়েছে। সে অনুযায়ী প্রস্তুতকৃত ২০১৭-১৮ সালের বাৎসরিক খসড়া কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। খসড়া পরিকল্পনার উপর সভায় আলোচনা হয়।	প্রয়োজনীয় সংশোধনের পর ২০১৭-১৮ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা অনুমোদন করা হয় এবং অবিলম্বে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
০২	রেলপথ মন্ত্রণালয়ের ১লা জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ সময়ের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনার প্রণীত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে সভায় আলোচনা হয়।	১লা জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ সময়ের কর্মপরিকল্পনার খসড়া বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনুমোদন করা হলো।	ইনোভেশন টিম

০৩	বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সংক্রান্ত তথ্যাদি সহজে, স্বল্পখরচে এবং দ্রুততম সময়ে সর্বসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য "মোবাইল অ্যাপস" তৈরি করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সংক্রান্ত তথ্যাদি সহজে, স্বল্পখরচে এবং দ্রুততম সময়ে সর্বসাধারণের নিকট পৌঁছে দেওয়ার জন্য নিম্নবর্ণিত সুবিধাসহ একটি "মোবাইল অ্যাপস" তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। i) অ্যাপস এর মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের যে কোন গন্তব্যের ট্রেন ভাড়ার তথ্য পাওয়া। ii) অ্যাপস এর মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের যে কোন গন্তব্য স্থানের ট্রেনের সময় সূচির তথ্য পাওয়া । iii) অ্যাপস এর মাধ্যমে আরও কোন তথ্য জনসাধারণের নিকট সহজলভ্য করা যায় কিনা তাও পরীক্ষা করে দেখা। iv) আগামী এপ্রিল ২০১৮ মাসের মধ্যে অ্যাপসটি তৈরী করে জনসাধারণের ব্যবহারের জন্য খুলে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৪	বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা-বিমানবন্দর, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত ওয়াই-ফাই সেবার মান বৃদ্ধিপূর্বক আরোও নতুন করে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে ওয়াই-ফাই চালু করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা-বিমানবন্দর, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত ওয়াই-ফাই সেবার মান বৃদ্ধি পূর্বক আরোও নতুন করে ১০ টি স্টেশনে ওয়াই-ফাই চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে এ কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৫	বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের ওয়াই-ফাই চালুর করার বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ রেলওয়ের নিম্নবর্ণিত ০৬ টি আন্তঃনগর ট্রেনের ওয়াই-ফাই চালুর প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। i) সোনার বাংলা এক্সপ্রেস ii) সুবর্ণ এক্সপ্রেস iii) পারাবত এক্সপ্রেস iv) সুন্দরবন এক্সপ্রেস v) একতা এক্সপ্রেস vi) ধুমকেতু এক্সপ্রেস। আগামী এপ্রিল ২০১৮ মাসের মধ্যে এ ব্যবস্থা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৬	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) এর মাধ্যমে টিকেট বিক্রি করার বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত	পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) ক্রয়ের বিষয়টি পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করে ১৫ মার্চ ২০১৮ তারিখের মধ্যে প্রতিবেদন দিতে হবে এবং বাজেটের প্রয়োজন হলে বাজেট প্রাপ্তির জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক

	মহাপরিচালক, (অপারেশন) সভায় অবহিত করেন যে কাজটি বাস্তবায়ন করার জন্য তার পর্যাপ্ত বাজেট নেই।		(অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৭	বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে মালামাল বহনের জন্য উন্নতমানের ট্রলির সরবরাহ ও ট্রলির সংখ্যা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ রেলওয়ের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট স্টেশনসমূহে মালামাল বহনের জন্য বিদ্যমান ট্রলির আধুনিকায়ন, উন্নতমানের ট্রলি প্রতিস্থাপন ও সংখ্যা বাড়াতে হবে। এ মর্মে আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে এ কর্মপরিকল্পনাসহ প্রতিবেদন দিতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৮	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চার্টার রেলভবনের ২য় তলায় পিলারের ওপরে প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়।	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চার্টার রেলভবনের ২য় তলায় পিলারের ওপরে প্রদর্শন করতে হবে। আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।	১। ইনোভেশন টিম ২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৪। রেলস্টেশন প্লাটফরম থেকে যাত্রীদের ট্রেনে ওঠা-নামার সুবির্ধাথে কাঠের সিঁড়ি ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে সভাকে অবহিত করেন যে উক্ত সিদ্ধান্তটি বাস্তবায়ন করা হয়েছে। সিদ্ধান্তটি বাস্তবায়িত হওয়ায় সভাপতি সংশ্লিষ্টদের-কে ধন্যবাদ জনান।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/৮/১৭

(মোঃ মোফাজ্জেল হোসেন)
ভারপ্রাপ্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়,
রেলভবন, ঢাকা